# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ২২১

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ২৪. উযুর প্রারম্ভে বিসমিল্লাহ বলা

بَابُ التَّسْمِيَةِ عَلَى الْوُضُوءِ

---

আরবী

نَا أَبُو بَكْرٍ النَّيْسَابُورِيُّ ، نَا أَبُو الأَزْهَرِ ، نَا ابْنُ أَبِي فُدَيْكٍ . وَيَحْيَى بْنُ صَاعِدٍ ، نَا سَلَمَةُ بْنُ شَبِيبٍ ، نَا ابْنُ أَبِي فُدَيْكٍ ، نَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ حَرْمَلَةَ ، عَنْ أَبِي ثِفَالٍ الْمُرِّيِّ ؛ أَنَّهُ قَالَ : سَمِعْتُ رَبَاحَ بْنَ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي سُفْيَانَ بْنِ حُوَيْطِبٍ يَقُولُ : أَخْبَرَتْنِي جَدَّتِي ، عَنْ أَبِيهَا ؛ أَنَّ رَسُولَ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ ، قَالَ : " لا صَلاةَ لِمَنْ لا وُضُوءَ لَهُ ، وَلا وُضُوءَ لِمَنْ لَمْ يَذْكُرِ اسْمَ اللَّهِ تَعَالَى عَلَيْهِ ، وَلا يُؤْمِنُ بِاللَّهِ مَنْ لَمْ يُؤْمِنْ بِي ، وَلا يُؤْمِنُ بِي مَنْ لَمْ يُحِبَّ الأَنْصَارَ " . قَالَ : ابْنُ صَاعِدٍ : يُقَالُ : إِنَّ أَبَاهَا سَعِيدُ بْنُ زَيْدِ بْنِ عَمْرِو بْنِ نُفَيْلٍ

বাংলা

২২১(৫). আবু বাকর আন-নায়শাপুরী (রহঃ) ... আবু ছিকাল আল-মুররী (রহঃ) বলেন, আমি রাবাহ ইবনে আবদুল্লাহ ইবনে আবু সুফিয়ান ইবনে হুওয়াইতিব (রহঃ)-কে বলতে শুনেছি, আমার দাদী তার পিতার সূত্রে আমার নিকট বর্ণনা করেছেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ যে ব্যক্তি উযু করেনি তার নামায হয়নি। যে ব্যক্তি উযুর প্রারম্ভে আল্লাহ তায়ালাকে স্মরণ করেনি তার উযু হয়নি। যে ব্যক্তি আমার উপর ঈমান আনেনি সে আল্লাহর উপরও ঈমান আনেনি। যে ব্যক্তি আনসারদের ভালোবাসে না সে আমার উপর ঈমান আনেনি। ইবনে সায়েদ বলেন, তার দাদীর পিতার নাম সাঈদ ইবনে যায়েদ ইবনে আমর ইবনে নুফাইল।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন । বর্ণনাকারীঃ আবু ছিকাল আল-মুররী (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80010

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন